



জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম

সচিবালয়: দি হাজার প্রজেক্ট

২/২ (লেভেল-৪), ব্লক-এ, মিরপুর রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

ফোন: ৯১৪ ৬১৯৫, ফ্যাক্স: ৮১১ ৬৮১২। Web: www.girlchildforum.org

০৯ আগস্ট, ২০২১

খুলনায় মন্দির ও হিন্দু সম্প্রদায়ের বাড়ি-ঘর ভাঙচুরের নিন্দা জ্ঞাপন ও দোষীদের দৃষ্টান্ত মূলক শাস্তি দাবি

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, খুলনার রূপসা উপজেলার শিয়ালী গ্রামে চারটি মন্দির এবং হিন্দু সম্প্রদায়ের বেশ কিছু দোকান ও কয়েকটি বাড়িতে ভাঙচুর চালিয়েছে দুর্বৃত্তরা। জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরামের-এর পক্ষ থেকে এ ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি এবং দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনার দাবি জানাচ্ছি।

ঘটনার বিবরণে জানা যায়, আপনারা অবগত আছেন গত ৬ আগস্ট, শুক্রবার রাত ৯টায় পূর্বপাড়া মন্দির থেকে কয়েকজন নারীভক্ত কীর্তন করতে করতে শিয়ালী মহাশ্মশানের দিকে যাচ্ছিলেন। পথের মাঝে একটি মসজিদ ছিল। মসজিদের ইমাম নারীদের কীর্তন করতে নিষেধ করেন। তখন কিছুটা তর্কাতর্কি হয়। বিষয়টি নিয়ে থানায় বৈঠক হওয়ার কথা ছিল। কিন্তু সেই বৈঠক হওয়ার পূর্বেই ৬ আগস্ট, শনিবার, বিকেল পৌনে ৬টার দিকে শতাধিক যুবক রামদা, চাপাতি, কুড়াল নিয়ে শিয়ালী গ্রামে হামলা চালায়। তারা বাজারের গণেশ মল্লিকের ওয়ুধের দোকান, শ্রী বাসমল্লিকের মুদি দোকান, সৌরভ মল্লিকের চা ও মুদি দোকান, অনির্বাণ হীরার চায়ের দোকান ও তার বাবা মজুমদারের দোকান ভাঙচুর করে। এ সময় শিবপদ ধরের বাড়িতে হামলা চালিয়ে লুটপাট করা হয়। তার বাড়ির গোবিন্দ মন্দির, শিয়ালী পূর্বপাড়া হরি মন্দির, শিয়ালী পূর্বপাড়া দুর্গা মন্দির, শিয়ালী মহাশ্মশান মন্দিরের বেশির ভাগ প্রতিমা ভাঙচুর করা হয়। এ সময় কয়েক জন বাধা দিতে গেলে তাদের পিটিয়ে আহত করা হয়। এলাকাবাসী প্রতিরোধ তৈরি করার আগেই যুবকরা পালিয়ে যায়।

জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম মনে করে ধর্মান্ধ সাম্প্রদায়িক গোষ্ঠী তাদের স্বভাবসুলভ দৃষ্টিভঙ্গি থেকে এই হামলা চালিয়েছে। শুধু এই ঘটনা, অন্ধকারের এই শক্তি সবসময় সমাজে ঘাপটি মেরে থাকে এবং যেকোনো অজুহাতেই এরা এদের ঘৃণ্য মানসিকতা নিয়ে উস্কানি সৃষ্টি করে এই ধরনের ঘটনা ঘটায়। আমরা সমাজের সচেতন মানুষদেরকে এই অপশক্তির অপতৎপরতা সম্পর্কে সবসময় সতর্ক থাকার এবং এদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছি।

জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরামের-এর পক্ষ থেকে-

স্বদেশম জনম দুঃসদা

ড. বদিউল আলম মজুমদার
সভাপতি
জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম।

নাছিমা আক্তার জলি

সম্পাদক
জাতীয় কন্যাশিশু এডভোকেসি ফোরাম